**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১০.২৫-৬৯

তারিখ: ১০ মাঘ ১৪৩২
২৪ জানুয়ারি ২০২৬

**পরিপত্র-১৬**

**বিষয়: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষে ভোট গণনা, ভোট গণনার বিবরণী প্রস্তুত এবং রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ, রিটার্নিং অফিসার কর্তৃক ফলাফল একত্রীকরণ এবং ফলাফল ঘোষণা, ভোটের সমতার ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ, প্রাথমিক বেসরকারি ফলাফল, ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্রে উপস্থিতি, ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্রের মাধ্যমে ফলাফল গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে, ভোটগ্রহণের নির্ধারিত দিনে ভোটগ্রহণ কার্যক্রম শেষ হওয়ার পর হতে নির্বাচনি ফলাফল একত্রীকরণ এবং ফলাফল ঘোষণা পর্যন্ত নির্বাচন কমিশনের সুস্পষ্ট কিছু নির্দেশনা অনুসরণ করতে হবে। এ পরিপত্রে নির্দেশনাসমূহ নিয়ে পর্যায়ক্রমে আলোচনা করা হলো।

**২। ভোটকেন্দ্রে ভোট গণনা, ভোট গণনার বিবরণী ও নির্বাচনি কাগজপত্রাদি প্রস্তুত এবং রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ:**

(১) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৩৬ এর বিধান অনুসারে ভোটগ্রহণের কাজ শেষ হওয়ার সংগে সংগে প্রিজাইডিং অফিসারকে ভোটকেন্দ্রে উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী, তাঁদের নির্বাচনি এজেন্ট অথবা পোলিং এজেন্ট ও নির্বাচনি পর্যবেক্ষক এবং গণমাধ্যমকর্মীর সম্মুখে আইন দ্বারা নির্ধারিত পদ্ধতি অনুসারে ভোটগণনার কাজ শেষ করতে হবে। সকল প্রিজাইডিং অফিসারকে জানিয়ে দিতে হবে যে, ভোটগ্রহণ শেষ হওয়ার পর সাথে সাথে ভোটগণনার কাজ ভোটকেন্দ্রেই শেষ করা তাঁদের আইনগত দায়িত্ব। কোন অবস্থাতেই ভোটকেন্দ্র ছাড়া অন্য কোথাও ভোটগণনা করা যাবে না। ভোটগণনার বিবরণী ভোটকেন্দ্রের নোটিশ বোর্ড/দেয়াল/ বেড়ায় টাংগিয়ে/ঝুলিয়ে প্রকাশ করতে হবে।

(২) ভোট গণনার কাজ শেষ হওয়ার পর পরই প্রত্যেক প্রিজাইডিং অফিসারকে ব্যবহৃত ব্যালটের সিলমোহরকৃত বিভিন্ন ধরনের প্যাকেট, ভোট গণনার বিবরণী, ব্যালট পেপারের হিসাব বিবরণী এবং অন্যান্য কাগজপত্রাদি সরাসরি দায়িত্বপ্রাপ্ত আইন-শৃঙ্খলা বাহিনীর সহায়তায় সহকারী রিটার্নিং অফিসারের মাধ্যমে রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করতে হবে।

(৩) নিম্নবর্ণিত পদ্ধতি অনুসারে কার্যব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সহকারী রিটার্নিং অফিসার এবং প্রিজাইডিং অফিসারগণকে নির্দেশ দিবেন:

(ক) যদি কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী কিংবা নির্বাচনি এজেন্ট কিংবা পোলিং এজেন্ট ভোটগণনার সময় উপস্থিত না থাকেন অথবা কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী কোন ভোটকেন্দ্রে নির্বাচনি এজেন্ট অথবা পোলিং এজেন্ট নিয়োজিত না করেন তবে উক্তরূপ **অনুপস্থিতির কথা লিখিতভাবে রেকর্ড রাখতে হবে**।

(খ) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৩৬ এর দফা (১১) এর বিধান মতে যদি কোন নির্বাচনি এজেন্ট অথবা পোলিং এজেন্ট **ভোট গণনার বিবরণী ও ব্যালট পেপারের হিসাবের প্রত্যয়িত অনুলিপির** জন্য আবেদন করেন তবে প্রিজাইডিং অফিসার নির্বাচনি/পোলিং এজেন্টকে প্রত্যয়িত অনুলিপি প্রদান করবেন এবং এই অনুলিপির প্রাপ্তি স্বীকার গ্রহণ করবেন। যদি নির্বাচনি/পোলিং এজেন্ট প্রাপ্তি স্বীকার **দিতে অস্বীকার করেন, তবে তা লিপিবদ্ধ করে রাখতে হবে**।

(গ) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৩৬ এর দফা (১৩) এর বিধান মতে নির্বাচনি এজেন্ট অথবা পোলিং এজেন্ট যদি ভোটগণনার সময় উপস্থিত থাকেন, তবে প্রিজাইডিং অফিসার প্রতিটি বিবরণী ও প্যাকেটের উপর তাঁদের স্বাক্ষর নিবেন এবং নির্বাচনি এজেন্ট/পোলিং এজেন্টগণ স্বাক্ষর দিতে অস্বীকার করলে প্রিজাইডিং অফিসার বিষয়টি লিপিবদ্ধ করে রাখবেন।

(ঘ) নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর বিধি ২৪ অনুসারে নির্ভুলভাবে ভোটগণনার বিবরণী প্রস্তুত করার লক্ষ্যে নির্ধারিত ফরম-১৬-তে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর অনুকূলে প্রদত্ত **মোট ভোটের সংখ্যা আলাদাভাবে অঙ্ক ও কথায় লিপিবদ্ধ করতে হবে।**

(ঙ) প্রিজাইডিং অফিসার ভোটগণনার বিবরণী নির্ধারিত ফরমে মূল প্রস্থসহ ০২ (দুই) প্রস্থ সহকারী রিটার্নিং অফিসারের নিকট হস্তান্তর করবেন। ভোটগণনার বিবরণী ডাকযোগে নির্বাচন কমিশনের নিকটও সঙ্গে সঙ্গে প্রেরণ ০১ (এক) কপি প্রেরণ করতে হবে। তার একটি কপি কেন্দ্রের বাইরে কোন দর্শনীয় স্থানে ঝুলিয়ে/সাঁটিয়ে দিতে হবে। তাছাড়া যদি প্রতিদ্বন্দ্বী প্রার্থী এবং তাঁদের নির্বাচনি এজেন্ট বা তাঁদের পোলিং এজেন্ট ফলাফল বিবরণীর কপি দাবী করেন তাহলে তাঁদের তা প্রদান করতে হবে।

(চ) প্রিজাইডিং অফিসারের নিকট হতে ভোটগণনার বিবরণী প্রাপ্তির পর সহকারী রিটার্নিং অফিসার উপস্থিত প্রার্থী অথবা প্রার্থীর প্রতিনিধির সম্মুখে সেই কেন্দ্রের ফলাফল পড়ে শোনাবেন এবং ০১ (এক) প্রস্থ (মাস্টার কপি ছাড়া) ভোটগণনার বিবরণী তাঁর কার্যালয়ে প্রদর্শনী বোর্ডে অথবা দেওয়ালে টাংগিয়ে দিবেন। সহকারী রিটার্নিং অফিসার ভোটগণনা বিবরণীর মাস্টার কপি রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ নিশ্চিত করবেন।

**৩। রিটার্নিং অফিসার কর্তৃক ফলাফল একত্রীকরণ এবং ফলাফল ঘোষণা**: (ক) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৩৭ এর বিধান অনুসারে প্রত্যেক নির্বাচনি এলাকার **ফলাফল একত্রীকরণ** করতে হবে। উক্ত কাজ সম্পাদনের পূর্বে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থী ও তাঁর নির্বাচনি এজেন্টকে লিখিত নোটিশের মাধ্যমে ফলাফল একত্রীকরণের স্থান ও সময় রিটার্নিং অফিসার জানিয়ে দিবেন। নির্দিষ্ট সময় ও দিনে উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী/নির্বাচনি এজেন্টদের সম্মুখে আইন ও বিধি দ্বারা নির্ধারিত নিয়মে ফলাফল একত্রীকরণ করবেন। ফলাফল একত্রীকরণের ক্ষেত্রে প্রিজাইডিং অফিসারগণ কর্তৃক সাধারণ ভোটকেন্দ্র হতে প্রেরিত ফলাফল বিবরণী (ফরম-১৬) ও পোস্টাল ব্যালটের (OCV ও ICPV) ফলাফল বিবরণী (ফরম-১৬ক) একসাথে যোগ করে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর ফলাফল প্রস্তুত করবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, ভোট গ্রহণের পর দ্রুততম সময়ের মধ্যে ফলাফল একত্রীকরণের কার্যক্রম সম্পন্ন করবেন।

(খ) ফলাফল একত্রীকরণ করার পূর্বে, রিটানিং অফিসার প্রয়োজন মনে করলে প্রিজাইডিং অফিসার কর্তৃক গণনা হতে বাতিলকৃত ব্যালট পেপারসমূহ পরীক্ষা করে দেখবেন এবং যদি তিনি দেখেন যে, অনুরূপ কোন ব্যালট পেপার এইরূপ বাদ দেওয়া উচিত হয় নাই তাহলে উক্ত ব্যালট পেপার দ্বারা যে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ভোট দেওয়া হয়েছে তাঁর পক্ষে প্রদত্ত ব্যালট পেপার হিসাবে ইহাকে গণনা করবেন।

(গ) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৩৬(৫) অনুচ্ছেদ অনুসারে রিটার্নিং অফিসার কোন ভোটকেন্দ্র সম্পর্কিত বৈধ ব্যালট পেপারসমূহ পুনরায় গণনা করবেন না, যদি না-

(অ) কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাঁর নির্বাচনি এজেন্ট কর্তৃক লিখিতভাবে প্রিজাইডিং অফিসারের গণনা সম্পর্কে আপত্তি করা হয় এবং রিটার্নিং অফিসার ঐ আপত্তির যথার্থতা সম্পর্কে সন্তুষ্ট হন; অথবা

(আ) তিনি কমিশন কর্তৃক ইহা করতে আদিষ্ট হন।

৪। দুই বা ততোধিক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর ভোটের সমতার ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৩৮ অনুচ্ছেদ অনুসারে যেইক্ষেত্রে অনুচ্ছেদ ৩৭ এর অধীন ভোট গণনার ফলাফল একত্রীকরণের পর দেখা যায় যে, দুই বা ততোধিক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর মধ্যে ভোটের সংখ্যা সমান হইয়াছে, সেইক্ষেত্রে রিটার্নিং অফিসার সমভোটের বিষয়ে কমিশনে একটি লিখিত প্রতিবেদন দাখিল করিবেন। এইরূপ ক্ষেত্রে কমিশন, সমভোট প্রাপ্ত প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের মধ্যে পুনঃভোট গ্রহণের জন্য রিটার্নিং অফিসারকে নির্দেশনা প্রদান করিবে।

**৫। একত্রীকরণের বিবরণী ও নির্বাচনি রিটার্ন প্রেরণ**: নির্বাচনের ফলাফল নির্ধারণের পর গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৩৯ অনুসারে রিটার্নিং অফিসার কর্তৃক উপযুক্ত বা দায়িত্বপ্রাপ্ত কোন কর্মকর্তার মাধ্যমে আগামী **১৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে (প্রয়োজনে রাতে)** অবশ্যই নির্বাচন কমিশন সচিবালয়ে একীভূত ফলাফলের বিবরণীসহ একটি রিটার্ন (প্রত্যেক নির্বাচনি এলাকার জন্য পৃথক পৃথক রিটার্ন) পৌঁছানোর ব্যবস্থা করবেন। উপরন্ত গণবিজ্ঞপ্তির মাধ্যমে নির্বাচিত প্রার্থীর নাম প্রকাশ করবেন। উক্ত গণবিজ্ঞপ্তিতে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম এবং প্রাপ্ত ভোটের সংখ্যা **(অঙ্ক ও কথায়)** উল্লেখ করতে হবে। চুড়ান্ত ফলাফল প্রেরণের পূর্বে রিটার্নিং অফিসার ফলাফলের সঠিকতা নিশ্চিত করবেন।

**৬। ফলাফল একত্রীকরণের পর পুনঃসিলগালা করণ**: ফলাফল একত্রীকরণ বিবরণী ও নির্বাচনের রিটার্ন বিধি অনুসারে প্রস্তুত করার পর ফলাফল একত্রীকরণের জন্য কোন প্যাকেট খোলা হলে, সেগুলো পুনরায় সিলগালা করবেন। সিলগালাকৃত প্যাকেটে যদি উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাঁদের নির্বাচনি এজেন্ট **স্বাক্ষর** এবং সিলমোহর সংযুক্ত করতে চান তবে তা অবশ্যই করতে দিতে হবে। তাছাড়া যদি প্রতিদ্বন্দ্বী প্রার্থী এবং তাঁদের নির্বাচনি এজেন্ট ফলাফল একত্রীকরণের বিবরণীর কপি দাবী করেন তাহলে তাঁদের তা প্রদান করতে হবে।

**৭। ফলাফল একত্রীকরণের সময় সতর্কতামূলক ব্যবস্থা** : নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুসারে নির্বাচনি ফলাফল একত্রীকরণের সময় এবং পরে নিম্নোক্ত কতিপয় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবেঃ

(ক) ফলাফল একত্রীকরণের সময়ে প্রার্থী অথবা তাঁদের নির্বাচনি এজেন্টদের উপস্থিতি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

(খ) রিটার্নিং অফিসার নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর বিধি ২৬ এর অনুসরণ পূর্বক ফলাফল একীভূতকরণ করে সেই মোতাবেক নির্বাচনের রিটার্ন প্রস্তুত করিয়া গেজেট প্রকাশের জন্য নির্বাচন কমিশনে প্রেরণ করিবেন।

**৮। প্রাথমিক বেসরকারি ফলাফল**: ভোটগ্রহণের দিন ভোটগ্রহণ শেষ হওয়ার পর নির্বাচন কমিশন সচিবালয়ে প্রাথমিক বেসরকারি ফলাফল সংগ্রহ করা হবে। উক্ত ফলাফল রিটার্নিং অফিসারের নিকট হতে সংগ্রহের জন্য নির্বাচন কমিশন সচিবালয়ের একটি **"নির্বাচনি ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র"**স্থাপন করা হবে। অনুরূপভাবে **রিটার্নিং অফিসারের কার্যালয়ে** একটি **"নির্বাচনি ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র"** স্থাপন করতে হবে। ভোটগ্রহণের দিন সকাল হতে **রিটার্নিং অফিসারের কার্যালয়ে** স্থাপিত **"নির্বাচনি ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র"** হতে সর্বশেষ ফলাফল নির্বাচন কমিশন সচিবালয়ে না পৌঁছানো পর্যন্ত খোলা থাকবে। সেইসাথে ভোটগ্রহণের নির্ধারিত দিনে ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্রের মাধ্যমে নির্বাচনি এলাকাসহ ভোটকেন্দ্রের পরিবেশ পরিস্থিতির প্রতিবেদন সংগ্রহ করে নির্বাচন কমিশনকে অবহিত করতে হবে।

**৯। নির্বাচনি ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্রে উপস্থিতি**: বেসরকারি ফলাফল প্রচারকালে রিটার্নিং অফিসার এবং সহকারী রিটার্নিং অফিসার "**নির্বাচনি ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্রে**" প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা তাঁদের নির্বাচনি এজেন্ট অথবা দলের প্রতিনিধি এবং অন্যান্য সংগঠন যেমন- স্থানীয় প্রেস ক্লাব এবং বারের সভাপতি/সাধারণ সম্পাদক অথবা তাঁদের প্রতিনিধিকে লিখিতভাবে আমন্ত্রণ জানাতে হবে।

**১০। নির্বাচনি ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্রের মাধ্যমে ফলাফল গ্রহণ**: ভোটগ্রহণ শেষ হওয়ার পর সকল নির্বাচনি এলাকার প্রিজাইডিং অফিসারদের নিকট হতে সহকারী রিটার্নিং অফিসার ফলাফল সংগ্রহ করবেন। প্রিজাইডিং অফিসার হতে প্রাপ্ত ফলাফল Result Management System (RMS) এ কেন্দ্রভিত্তিক এন্ট্রি করে সহকারী রিটার্নিং অফিসার বার্তাসিট প্রস্তুত করে ইন্টারনাল সাইট/বিশেষ বার্তাবাহক/ইন্টারনেট মাধ্যমে রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করবেন। রিটার্নিং অফিসার বার্তাসিট একই পদ্ধতিতে নির্বাচন কমিশন সচিবালয়ে স্থাপিত **"নির্বাচনি ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্রে"** প্রেরণ করবেন। নির্ধারিত ইন্টারনাল/ইন্টারনেট একাউন্টের তথ্য পরবর্তীতে জানিয়ে দেয়া হবে। প্রত্যেক বার্তাশীটে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার ক্রমবর্ধমান ভোটকেন্দ্রের সংখ্যা এবং প্রতিদ্বন্দ্বী প্রার্থী কর্তৃক প্রাপ্ত ভোটের সংখ্যা উল্লেখ থাকবে। তাছাড়া প্রদত্ত ভোটের শতকরা হার এবং বাতিল ভোটের সংখ্যাও উল্লেখ থাকতে হবে।

১১। **Result Management System (RMS) - এর মাধ্যমে ফলাফল প্রেরণ:** উপরিউক্ত পদ্ধতি ছাড়াও একই সাথে Result Management System (RMS) - এর মাধ্যমেও ফলাফল প্রেরণ করতে হবে।

১২। **নির্বাচনি দ্রব্যাদি ও কাগজপত্র নিরাপদ স্থানে সংরক্ষণ:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৪২ এর বিধান অনুসারে জাতীয় সংসদ নির্বাচন শেষে সমস্ত নির্বাচনি কাগজপত্র নিরাপদ স্থানে সংরক্ষণ করতে হবে। নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুসারে নির্বাচনি কাগজপত্রাদি সরকারি কোষাগারে (ট্রেজারিতে ডাবল লকে) সংরক্ষণ করতে হবে এবং সংরক্ষণে সর্বোচ্চ নিরাপত্তা ও রক্ষামূলক ব্যবস্থা (safety and protection) গ্রহণ করতে হবে **(পরিশিষ্ট-ক)**।

২৪.০১.২৬

**(মোহাম্মদ মনির হোসেন)**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)

**বিতরণঃ**

১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা ও রিটার্নিং অফিসার
৩। জেলা প্রশাসক (সকল) ও রিটার্নিং অফিসার

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১০.২৫-৬৯

তারিখ: ১০ মাঘ ১৪৩২ / ২৪ জানুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, ............................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, আপন বিভাগ/জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৭. সচিব, ............................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাব/কোস্টগার্ড/এনটিএমসি/ডিজিএফআই/এনএসআই, ঢাকা
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. বিভাগীয় কমিশনার (সকল)
১৩. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ (সকল)
১৪. উপমহাপুলিশ পরিদর্শক, (সকল রেঞ্জ)
১৫. প্রকল্প পরিচালক, আইডিইএ (২য় পর্যায়) প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা
১৮. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সকল)
২০. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
২১. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
২২. পুলিশ সুপার, (সকল)
২৩. উপসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
২৪. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, (সকল)
২৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার অনুরোধসহ]

২৬. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, .........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার।
২৭. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, .........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার।
২৮. ...................................................... সহকারী রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
২৯. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, (সকল)
৩০. জেলা তথ্য অফিসার, (সকল)
৩১. উপজেলা নির্বাহী অফিসার, (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
৩২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩৬. উপজেলা/থানা নির্বাচন অফিসার,......................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৩৭. উপজেলা/থানা নির্বাচন অফিসার (সকল)
৩৮. অফিসার ইন-চার্জ, (সকল)

২৪।১।২০২৬

(মোহাম্মদ শাহজালাল)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com

পরিশিষ্ট-ক

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**নির্বাচন কমিশন সচিবালয়**

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২
(১৯৭২ সনের রাষ্ট্রপতির আদেশ নং ১৫৫)

***          ***          ***          ***

(ক) ব্যালট পেপার সংবলিত প্যাকেটসমূহ, যাহাদের প্রত্যেকটি, প্রিজাইডিং অফিসার কর্তৃক তাহার সিলমোহর দ্বারা, অথবা যদি রিটার্নিং অফিসার উহা খুলিয়া থাকেন, তাহা হইলে রিটার্নিং অফিসার কর্তৃক তাহার সিলমোহর দ্বারা, সিলগালা করিতে হইবে:

(খ) সরবরাহকৃত ব্যালট পেপারের মুড়িপত্রের প্যাকেট;

(গ) চিহ্নিত ভোটার তালিকার অনুলিপির প্যাকেট;

(ঘ) ব্যালট পেপারের হিসাব সংবলিত প্যাকেট;

(ঙ) টেন্ডার্ড ব্যালট পেপার, আপত্তিকৃত ব্যালট পেপার, টেন্ডার্ড ভোট তালিকা এবং আপত্তিকৃত ভোট তালিকা সংবলিত প্যাকেট; এবং

(চ) কমিশন কর্তৃক নির্দেশিত অন্য কোনো দলিল।

(২) রিটার্নিং অফিসার দফা (১) এর অধীন সংরক্ষিত প্রত্যেক প্যাকেটের উপর উহার অভ্যন্তরস্থ দলিলাদির বর্ণনা, উক্ত দলিলাদি যে নির্বাচন সম্পর্কিত সেই নির্বাচনের তারিখ এবং যে এলাকার জন্য নির্বাচন অনুষ্ঠিত হইয়াছে উহার নম্বর ও নাম লিপিবদ্ধ করিবেন।

(৩) দফা (১) এ উল্লিখিত প্যাকেটসমূহে ধারণকৃত দলিলাদি এক বৎসরের জন্য সংরক্ষণ করিতে হইবে, এবং অতঃপর কমিশন, হাইকোর্ট বিভাগ ভিন্নরূপ নির্দেশ প্রদান না করিলে, উহা বিনষ্টের ব্যবস্থা করিবেন।

***          ***          ***          ***

মোহাম্মদ শাহজালাল
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা